

## যুক্তরাষ্ট্র বাংলাদেশের বন্যা দুর্গতদের মাঝে ত্রাণ কার্যক্রমের সমন্বয় করছে

ওয়াশিংটন, জুলাই ২২—যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর জুলাই মাসের ২০ তারিখে অনুষ্ঠিত প্রেস ব্রিফিংয়ে এক প্রশ্নের উত্তরে জানিয়েছে যে যুক্তরাষ্ট্র বাংলাদেশের বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং বিভিন্ন দাতাগোষ্ঠী ও সংস্থার সাথে মানবিক ত্রাণ কার্যক্রম সমন্বয় করছে।

নীচে পররাষ্ট্র দফতরের লিখিত উত্তরটি তুলে ধরা হলো:

**প্রশ্ন:** বাংলাদেশে সাম্প্রতিক বন্যার প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের তরফ থেকে কি ধরনের মানবিক ত্রাণ তৎপরতা নেয়া হয়েছে সে বিষয়ে দয়াকরে অবহিত করুন।

**উত্তর:** বাংলাদেশে যুক্তরাষ্ট্র দুতাবাস সেদেশে সবচেয়ে বেশী বন্যা কর্বলিত এলাকার পরিস্থিতি খুবই নির্বিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং যেসব এলাকায় মানবিক ত্রাণ সবচেয়ে বেশী প্রয়োজন সেসব এলাকায় ত্রাণ পোছে দিতে বাংলাদেশ সরকার, বিভিন্ন দাতাগোষ্ঠী ও সহযোগী সংগঠনগুলোর সাথে ত্রাণ কার্যক্রম সমন্বয় করছে। বন্যা পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ সরকারের প্রস্তুতি ক্ষমতা বাড়ানোর জন্য যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা বা ইউএসএআইডি একটি দীর্ঘমেয়াদী প্রকল্পে অর্থ যোগাচ্ছে। এই কর্মসূচীর আওতায় রয়েছে বন্যার পূর্বাভাস ও বন্যা পরিস্থিতি রোধে প্রশিক্ষণ কার্যক্রম এবং বাংলাদেশের বন্যা উপদ্রুত অববাহিকায় ঘড়বাঢ়ি ও ব্যবসা বাণিজ্যের উন্নয়নে সাহায্য করা।

=====

(যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতরের বুরো অব ইন্টারন্যাশনাল ইনফরমেশন প্রোগ্রাম কর্তৃক প্রচারিত)

জিআর/ ২০০৮

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষ্য ‘অ্যামেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে অগ্রহী হন, তবে ‘অ্যামেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৪৪১০৪৪০-৪, ফ্যাক্স: ৯৮৮১৬৭৭; ই-মেইল: [dhaka@pa.state.gov](mailto:dhaka@pa.state.gov) এবং Website: <http://www.usembassy-dhaka.org>) যোগাযোগ করুন।